যেকোন চন্দ্র মাসের প্রথম জুমমার রাত্রে এশার নামাজ শেষ করিয়া ঐ বিছানায় বসিয়া একাগ্রমনে এগারবার দরূদ শরীফ পাঠ করিয়া সুরায় মুয্‌যাম্মিল একচল্লিশবার পাঠ করিয়া পুনঃ এগারবার দরূদ শরীফ পাঠ করিবে। একাধারে বিরতি ছারা এই আমল চল্লিশ দিন পর্যন্ত করিবে। আমল শেষ হইবার পরে তিনজন, পাঁচজন অথবা সাতজন মিসকিনকে পেট ভরিয়া খানা খাওয়াইবে। ঐ দিন রাত্রিতে পবিত্র বিছানায় নিদ্রা যাইবে। সকাল বেলা নিদ্রাভঙ্গের পরে দেখিবে যে, একজন লোক তাহার জন্য অপেক্ষা করিতেছে, ঐ লোকটিই জ্বীন। তাহার নিকট প্রয়োজনীয় কথাবার্তা বলিবে, সে যে পরামর্শ দিবে সেই মত কাজ করিবে।

ঐ লোকটি প্রকৃত জ্বীন কিনা উহা বুঝিবার জন্য সুরায় জ্বীনের প্রথম পাঁচ আয়াত পাঠ করিবে। যদি ইহাতে ঐ লোকটি রাগিয়া যায় তবে মনে করিবে ঐ লোকটি প্রকৃত জ্বীন। তবে ইহা না করা ভাল। এর পরে যখন জ্বীন হাযির করার প্রয়োজন হইবে, তখন যেকোন জুময়ার রাত্রে উপরোক্ত

নিয়মে একচল্লিশবার সুরায় মুযযাম্মিল পাঠ করিয়া পবিত্র বিছানায় নিদ্রা যাইবে। সকল বেলা পূর্ব নিয়মে একটি লোক দেখিতে পাইবে। সেই ব্যক্তিকে জ্বীন মনে করিয়া প্রয়োজনীয় কাজ সমাধা করিবে।

জ্বীনের সর্দারকে উপস্থিত করিয়া তাহার দলের জ্বীনদের উৎপাত বন্ধ করার তদবীর

কোন নির্দিষ্ট বাড়ী–ঘরে বা অন্য কোন স্থানে জ্বীনেরা আড্ডা পাতিয়া ঐ বাড়ী ঘরের কিংবা স্থানের লোকজনের ক্ষতি করে কিংবা উৎপীড়ন বা অত্যাচার করে, তবে নিম্নোক্ত আয়াতটি যথা নিয়মে পাঠ করিয়া জ্বীনদের সর্দারকে হাযির করিয়া অভিযোগ পেশ করিলে প্রতিকার পাইবে। আমলের নিয়ম এইঃ–

কোন নির্জন ঘরে রাত্রি দ্বিপ্রহরের পরে ধুপ, লোবান জ্বালাইয়া এবং আতর ব্যবহার করিয়া গোলাব পানি ছিটাইয়া উক্ত ঘর খানাকে সুবাসিত্ত করিবে। তারপর আয়াতুল কুরছি পাঠ করিয়া একখানা চাকুর উপর ফুঁক দিবে। ইহার পরে আয়াতুল কুরছি পাঠ করিতে করিতে নিজের বসার চতুর্দিকে উক্ত চাকু দ্বারা একটি গোলাকার রেখা টানিয়া লইবে। পুনঃসাবধানতার জন্য আয়াতুল কুরছি পাঠ করিয়া নিজের শরীর বন্ধ করিয়া লইবে।

ইহার পর পশ্চিম মুখী হইয়া এগার বার দরূদ শরীফ পাঠ করিয়া নিম্নোক্ত দোয়াটি একবার পাঠ করিবে। প্রত্যহ এই আমল করিলে আল্লাহর রহমতে একুশ দিনের মধ্যে জ্বীনদের সর্দার হাযির হইবে। তখন তাহার নিকট বিনয়ের সাতে নিজেদের অভিযোগ সমুহ বলিলে আল্লার রহমতে সঙ্গে সঙ্গে প্রতিকার লাভ করিবে। দোয়াটি এইঃ–

يَا أَيُّهَا الْمَلَاءُ إِنِّىْ أُلْقِيَا إِلَىَّ كِتَابٌ كَرِيْمٌ- إِنَّهُ مِنْ سُلَيْمَانَ وَإِنَّهُ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ -

উচ্চারণঃ ইয়া আয়্যুহাল মানাউ ইন্নী উলাক্বিয়া ইলাইয়া কিতাবুন কারীম। ইন্নাহু মিন সুলাইমানা ওয়া ইন্নাহু বিসমিল্লাহির রাহমানির রাহীম।

জ্বীনের আছর নষ্ট করার তদবীর

জ্বীনের আছর করিয়াছে কিনা, উহা সর্বাগ্রে পরীক্ষা করা দরকার। জ্বীনে আছর করা রুগীর প্রতি দৃষ্টি রাখিয়া প্রথমে সূরায় জ্বীনের প্রথম পাঁচ আয়াত পাঠ করিবে এবং এক গ্লাস পানিতে দম করিয়া রোগীর নাকে মুখে ও শরীরে ছিটাইয়া দিবে। ইহাতে যদি রুগী চিৎকার দেয় কিংবা কোন প্রকার নরম সুরে কথা বলে, তবে মনে করিতে হইবে যে, সত্যই রুগীর উপর জ্বীনের আছর হইয়াছে। এই অবস্থায় নিম্নোক্ত দোয়াটি রুগীকে শুনাইয়া তিনবার পাঠ করিবে এবং পানিতে ফুক দিয়া উহা পান করাইবে। ইহাতে যদি আছর দূর হইয়া যায় তো ভাল কথা, নতুবা পুণঃ ঐ দোয়াটি তিনবার পাঠ করিয়া এক গ্লাস পানিতে ফুঁক দিয়া রুগীর মুখ মন্ডলে ও শরীরে ছিটাইয়া দিবে। ইহাতেও যদি আছর দূর না হয়, তবে একটু সাদা কাপড়ে দোয়াটি লিখিয়া সলিতা তৈয়ার করিয়া সরিষার তৈল দ্বারা আগুনে জ্বালাইয়া উহার ধোয়া রোগীর নাকে মুখে ও শরীরে দিবে। আল্লাহর রহমতে ইহার পর আর আছর থাকিবে না, জ্বীন রুগীকে ছাড়িয়া চলিয়া যাইবে। দোয়াটি এইঃ-

وَعَزَمْتُ عَلَيْكُمْ بِرَبِّ جِبْرَائِيْلَ وَمِيْكَائِيْلَ وَاسْرَافِيْلَ وَعَزْ
رَائِيْلَ اَمْتَحْنَا الَّذِىْ جَعَلَ الْعَرْشَ- عَزَمْتُ عَلَيْكُمْ بِالَّذِىْ اَجَابَ
وَاَذْهَبَ لَهُ عِيْسَى ابْنُ مَرْيَمَ وَاَيَّدْنَاهُ بِرُوْحِ الْقُدُسِ- عَزَمْتُ
عَلَيْكُمْ بِخَاتَمِ سُلَيْمَانَ ابْنِ دَاوُدَ عَلَيْهِمَا السَّلَامُ- اَلَّذِىْ ع
سَخَّرَلَهُ الرِّيَاحَ وَالْجِنَّ وَالشَّيْطَانَ سَرِيْعًا

উচ্চারণ ঃ ওয়া আযামতু আলাইকুম বিরাব্বি জিবরাঈলা ওয়া মীক-াইলা ওয়া ইসরাফীলা ওয়া আয্‌রাঈলা আমনাহ্‌ নাল্লাজী জায়ালাল আরশা, আযামতু আলাইকুম বিল্লাযী আজাবা ওয়া আযহাবা লাহু ঈসাবনু মারইয়ামা, ওয়া আইয়্যাদনাহু বিরূহিল ক্বুদুছ। আযামতু আলাইকুম বিখাতামি সুলাইমানাবি্‌নি দাঁউদা আলাইহিমাস্‌ সালাল্লাযী সাখ্‌খারা লাহুর রিয়াহা ওয়াল জ্বিন্‌শা ওয়াস্‌ শাইত্বানা ছারীআ।

আল্লাহর রহমতে জ্বীনের আছর দুর হইয়া রুগী সুস্থ হইলে পর, সুরায়ে জ্বীনের প্রথম পাঁচ আয়াত কাগজে লিখিয়া কবজ বানাইয়া রুগীর গলায় বা হাতে বাঁধিয়া দিবে কমের পক্ষে এই তাবিজ একচল্লিশ দিন পর্যন্ত ব্যবহার করিবে। তবে এর পরেও ব্যবহার করিলে ভাল হয়।

জ্বীন —পরীর আছর নষ্ট করার তদবীর

যদি কাহাকেও জ্বীন-পরীতে আছর করে, তবে একটি পাত্রে কিছু পানি নিয়া উহার উপর একবার সুরায় ফতেহা, একবার আয়াতুল কুরছী ও সুরায় জ্বীনের প্রথম পাঁচ আয়াত পাঠ করিয়া দম করতঃ রুগীর মুখ মন্ডলে ও শরীরে ছিটাইয়া দিবে। আল্লাহর রহমতে জ্বীন-পরীর আছর দূর হইয়া যাইবে।

জ্বীন ভুতের আছর দূর করার তদবীর

কোন মানুষের উপর জ্বীন-ভুতের আছর করিলে নিম্নোক্ত আয়াত পাঠ করিয়া তাহার শরীরে ফুঁক দিবে এবং পানিতে ফুঁক দিয়া রুগীকে পান করাইবে। আল্লাহর রহমতে জ্বীন-ভুতের আছর দূর হইয়া যাইবে। আয়াত এইঃ

اِذْ قَالَ يُوْسُفُ لِاَبِيْهِ يَا اَبَتِ اِنِّىْ رَأَيْتُ اَحَدَ عَشَرَ كَوْكَبًا وَّالشَّمْسَ وَالْقَمَرَ رَأَيْتُهُمْ لِىْ سٰجِدِيْنَ- يٰمَعْشَرَ الْجِنِّ وَالْاِنْسِ اِنِ اسْتَطَعْتُمْ اَنْ تَنْفُذُوْا مِنْ اَقْطَارِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ فَانْفُذُوْا لَاتَنْفُذُوْنَ- اِلَّا بِسُلْطَانٍ-

উচ্চারণ ঃ ইয্ ক্বালা ইউছুফু লিআবিহে ইয়া আবাতি ইন্নী রাআইতু আহাদা আশারা কাওকাবাওঁ ওয়াশ্ শামছা ওয়াল ক্বামারা রাআইতুহুম লী ছাজেদীন। ইয়া মা'শারাল জ্বিন্নি ওয়াল ইন্‌সি ইনিছ তাত্বা'তুমআন্ তানফুযু মিন আক্‌তা-রিছ ছামাওয়াতি ওয়াল আরদ্বি, ফানফুযু লা তান ফুযুনা ইল্লা বিছুলত্বান।

জ্বীন—ভুতের আছর দূর করার তদবীর

কোন লোকের উপর যদি কখনো কোন জ্বীন—পরীতে আছর করিয়া কষ্ট দিতে থাকে, তখন নিম্নোক্ত আয়াত সমুহ নীলরংয়ের কাপড়ের টুকরায় লিখিয়া ঐ লোকের গলায় বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে জ্বীন–ভূতের আছর দূর হইয়া যাইবে। আয়াত গুলি এইঃ-

هٰذَا يَوْمُ لَايَنْطِقُوْنَ وَلَا يُؤْذَنُ لَهُمْ فَيَعْتَذِرُوْنَ- فَوَقَعَ الْحَقُّ وَبَطَلَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ- وَوَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ بِمَا ظَلَمُوْا فَهُمْ لَايَنْطِقُوْنَ- حٰمٓ عٓسٓقٓ حُمِيْتُ كٓهٰيٰعٓصٓ كُفِيْتُ عَقَدْتُ عَنْكَ يَا حُمِلُ كِتَابِىْ هٰذَا اَلْسِنَةَ الْخَلْقَ الْمُبَشِّرِيْنَ كُلَّ اُنْثٰى وَذَكَرٍ بِاَلْفِ لَاحَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ الْعَلِىِّ الْعَظِيْمِ وَصَلَّى اللّٰهُ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِه وَصَحْبِه وَسَلَّمَ- وَاِذَا قَرَاْتَ الْقُرْاٰنَ وَجَعَلْنَا بَيْنَكَ وَبَيْنَ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ حِجَابًا مَّسْتُوْرًا- وَجَعَلْنَا عَلٰى قُلُوْبِهِمْ اَكِنَّةً اَنْ يَّفْقَهُوْهُ وَفِىْٓ اٰذَانِهِمْ وَقْرًا- اِذَا ذَكَرْتَ رَبَّكَ فِى الْقُرْاٰنِ وَحْدَهٗ وَلَّوْا عَلٰى - اَدْبَارِهِمْ وَ ذَادَهُمْ نُفُوْرًا -

চতুর্থ অধ্যায়

যে কোন ব্যাথা বেদনার তদবীর ও স্মরণ শক্তির তদবীর, নিখোজ ও পলাতক ব্যক্তির তদবীর।

মাথার ব্যথা দূর করার তদবীর

মাওয়াহেবে লাদুনিয়া কিতাবে বর্ণিত আছে, জনাব হোমায়দী তাহার ওস্তাদ জনাব ইউনুছ হইতে মওকুফ হাদীছ বর্ণনা করিয়াছেন। হযরত রাছুলে পাক(ছঃ) মাথা ব্যথার জন্য নিম্নোক্ত দোয়া পাঠ করিতেন।

بِسْمِ اللّٰهِ الْكَبِيْرِ اَعُوْذُ بِاللّٰهِ الْعَظِيْمِ مِنْ شَرِّ كُلِّ عِرْقٍ وَمِنْ شَرِّ حَرِّ النَّارِ-

উচ্চারণঃ বিছমিল্লাহিল কাবীরে,আউযুবিল্লাহেল আযীমে, মিন শাররি কুল্লি আ'রক্বিন ওয়া মিন শাররি হাররিন্ নারি।

মাথা ব্যথার তদবীর

কাহারও মাথায় ব্যথা হইলে অথবা অন্য কোন স্থানে ব্যথা করিলে নিম্নোক্ত সূরার ত্বীন এর নকসা কাগজে লিখিয়া ব্যথার স্থানে বাঁধিয়া দিবে।আল্লাহর রহমতে ব্যথা দূর হইয়া যাইবে। নকসাটি এইঃ–

৭৮৬

٢٠٦١	٢٠٦٤	٢٠٦٨	٢٠٥٤
٢٠٦٧	٢٠٥٥	٢٠٦.	٢٠٦٥
٢٠٥٦	٢٠٧.	٢٠٦٢	٢٠٥٩
٢٠٦٣	٢٠٥٨	٢٠٥٧	٢٠٦٩

মাথা ব্যথা আরগ্যের তদবীর

যদি কাহারও মাথা ব্যথা করে, তবে ব্যথার স্থানে হাত রাখিয়া নিম্নোক্ত আয়াত পাঠ করিবে এবং শেষের 'ফাহাদা' শব্দটি বার বার পড়িতে থাকিবে যতক্ষন না মাথার ব্যথা দূর না হয়। আয়াত এইঃ–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ - وَالسَّمَاۤءِ وَالطَّارِقِ وَمَا اَدْرٰكَ
مَا الطَّارِقُ النَّجْمُ الثَّاقِبُ- اِنْ كُلُّ نَفْسٍ لَّمَّا عَلَيْهَا حَافِظٌ-
فَلْيَنْظُرِ الْاِنْسَانُ مِمَّ خُلِقَ- خُلِقَ مِنْ مَّاۤءٍ دَافِقٍ - يَخْرُجُ
مِنْ بَيْنِ الصُّلْبِ وَالتَّرَئِبِ - بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
سَبِّحِ اسْمَ رَبِّكَ الْاَعْلَى الَّذِىْ خَلَقَ فَسَوّٰى - وَالَّذِىْ فَهَدٰى-

মাথার ব্যথা ঝাড়িবার তদবীর

কাহারও মাথার ব্যথা ঝারিতে হইলে, প্রথমে কপালের দুইপার্শে ডান হাতের বৃদ্ধাঙ্গুলী ও মধ্যমা আঙ্গুলী চাপিয়া রাখিয়া সূরায় ফাতেহা পড়িতে থাকিবে এবং অঙ্গুলী দুইটি আস্তে আস্তে কপালের মাঝখানে টানিয়া আনিবে। সূরা পাঠ করা শেষ হওয়ার সাথে সাথে অঙ্গুলী দুইটি মিলিয়া যাইবে, তখন কপালে ফূঁক দিবে। এইভাবে তিনবার সূরা ফাতেহা পড়িয়া ফূঁক দিয়া মাথা ঝারা শেষ করিবে।

মাথার ব্যথা উপশমের তদবীর

মাথা ব্যথার জন্য নিম্নোক্ত নকসাটি কাগজে লিখিয়া মাথায় বাঁধিয়া দিলে আল্লাহর রহমতে মাথার ব্যথা উপশম হইবে। নকসাটি এইঃ–

٧٨٦

٢٧	٣٠	٢٩	٢٦
٢٢	٣١	٣٢	٣٧
٤٢	٣٥	٣٤	٣١
٢٩	٣٤	٢٧	٤٠

মাথার ব্যথা ঝাড়িবার অন্য তদবীর

মাথার ব্যথা দূর করার জন্য সূরায় কাওছার সাতবার পড়িয়া মাথায় প্রতিবারে ফূঁক দিলে, আল্লাহর রহমতে মাথার ব্যথা দূর হইয়া যাইবে।

অর্দ্ধ মাথা ব্যথার তাবিজ

যদি কাহারও মাথার অর্দ্ধেক ব্যথা করে, তবে নিম্নের তাবিজটি কাগজে লিখিয়া মাথায় বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে মাথা ব্যথা দূর হইয়া যাইবে। তাবিজটি এইঃ-

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ - كٓهٰيٰعٓصٓ ذِكْرُ رَحْمَتِ رَبِّكَ عَبْدَهٗ زَكَرِيَّا اِذْ نَادٰى رَبَّهٗ نِدَآءً خَفِيًّا- قَالَ رَبِّ اِنِّىْ وَهَنَ الْعَظْمُ مِنِّىْ وَاشْتَعَلَ الرَّاْسُ شَيْبًا وَّ لَمْ اَكُنْۢ بِدُعَآئِكَ رَبِّ شَقِيًّا -

চোখের ব্যথার দূর করার তদবীর

যদি কাহারও চোখে ব্যথা হয় তবে চাঁদের প্রথম শনিবার নিম্নোক্ত হরফগুলি কাগজে লিখিয়া খাইয়া ফেলিবে। আল্লাহর রহমতে পুরা বৎসরে আর চোখে ব্যথা হইবেনা। হরফগুলি এইঃ-

الٓمّٓ الٓمّٓصٓ الٓرٰ الٓمّٓرٰ كٓهٰيٰعٓصٓ طٰهٰ طٰسٓمّٓ يٰسٓ صٓ حٰمٓ حٰمٓعٓسٓقٓ قٓ نٓ

চোখের বেদনা উপশমের তদবীর

যদি কাহারও চোখে বেদনা হয়, অথবা কম দেখে, তবে নিম্নের আয়াতটি পাঁচ ওয়াক্ত নামাজের পরে তিনবার পাঠ করিয়া প্রতিবারে চোখে ফুঁক দিবে। আল্লাহর রহমতে চোখের বেদনা দূর হইবে এবং চোখের দৃষ্টি শক্তি বাড়িয়া যাইবে। আয়াতটি এইঃ-

فَكَشَفْنَا عَنْكَ غِطَآئَكَ فَبَصَرُكَ الْيَوْمَ حَدِيْدٌ -

উচ্চারনঃ ফাকাশাফনা আ'নকা গেত্বায়াকা ফাবাছারুকাল ইয়াওমা হাদীদ।

চোখের ব্যথা লাঘবের তদবীর

চক্ষু বেদনার জন্য নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া চক্ষুর উপর বাঁধিয়া রাখিলে চোখের ব্যথা লাঘব হইবে। নকশাটি এইঃ-

احمد	محمد
مرتضى	مصطفے

কান ব্যথার তদবীর

কাহারও কানে ব্যথা হইলে নিম্নোক্ত আয়াতটি কাগজে লিখিয়া কানে বাঁধিয়া দিবে।আল্লাহর রহমতে কানের ব্যথা দূর হইবে। আয়াত এইঃ-

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ - كَاَنْ لَّمْ يَسْمَعْهَا كَاَنَّ فِىْ اُذُنَيْهِ وَقْرًا فَبَشِّرْهُ بِعَذَابٍ اَلِيْمٍ وَبِالْحَقِّ اَنْزَلْنَاهُ وَبِالْحَقِّ نَزَلَ وَمَا اَرْسَلْنَاكَ مُبَشِّرًا وَّ نَذِيْرًا -

কানে ভোঁ ভোঁ শব্দের তদবীর

যদি কাহারও কানের ভিতর ভোঁ ভোঁ শো শো শব্দ হয়, তবে 'মুহাম্মাদুর রাছূলুল্লাহ্'' কয়েকবার পাঠ করিয়া কানে ফুঁক দিলে শব্দ হইবে না।

.দাঁত অথবা গলায় ব্যথা হইলে নিম্নোক্ত নকশাটি চিনামাটির বরতনে লিখিয়া পানি দিয়া ধুইয়া পান করিলে ব্যথা উপশম হইবে। নকশা এইঃ-

یاخبیر١	یاحی٩	یااحد٤
یاکبیر٧	یابصیر٥	یالطیف٣
یاباری٢	یاجلیل٦	یاقدیر٨

দাঁত ব্যথা দূর হওয়ার তদবীর

দাঁতে ব্যথা হইলে নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া দাঁতে মালিশ করিবে। তারপর উক্ত কাগজ কালো রংয়ের কুকুরের সম্মুখে ফেলিয়া দিবে। নকশা এইঃ-

ب	د	و	ح
ح	و	د	ب
د	ب	ح	و
و	ح	ب	د

ঘারে বেদনার তদবীর

যদি কোন লোকের ঘারে বেদনা হয়, তবে নিম্নোক্ত আয়াত ও নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া ঘারে বাঁধিয়া দিবে। আল্লাহর

রহমতে ঘারের বেদনা দূর হইয়া যাইবে। আর ইহা তিনবার পাঠ করিয়া তিনটি ফুক দিবে।আয়াত ওনকশাটি এইঃ-

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ - اِنَّا جَعَلْنَا فِىْ اَعْنَاقِهِمْ اَغْلَالًا فَهِىَ اِلَى الْاَذْقَانِ فَهُمْ مُقْمَحُوْنَ

٧٨٦

٣٨٠٩	٣٨٠٤	٣٨١١
٣٨١٠	٣٨٠٨	٣٨٠٦
٣٨٠٨	٣٨١٢	٣٨٠٧

গলার বেদনা ঝাড়িবার তদবীর

কোন লোকের ঘারে বেদনা হইলে নিম্নোক্ত আয়াত তিনবার পাঠ করিয়া প্রতিবারে ঘারের বেদনার স্থানে ফুঁক দিবে। এবং ইহা লিখিয়া কবজ বানাইয়া ঘারের উপর বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে বেদনা কমিয়া যাইবে। আয়াতটি এইঃ-

اَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ - قَالَ هٰذَا مِنْ رَّحْمَةِ رَبِّىْ سَلَامٌ قَوْلًا مِّنْ رَّبٍّ الرَّحِيْمِ -

গলায় ব্যথা হইলে উহার তদবীর

কাহারও গলায় ব্যথা হইলে নিম্নোক্ত আয়াত কাগজে লিখিয়া কবজ বানাইয়া গলায় বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে গলার ব্যথা দূর হইয়া যাইবে। আয়াত এইঃ-

فَلَوْلَا اِذَا بَلَغَتِ الْحُلْقُوْمَ وَاَنْتُمْ حِيْنَئِذٍ تَنْظُرُوْنَ - فَلَوْلَا اِنْ كُنْتُمْ غَيْرَ مَدِيْنِيْنَ تَرْجِعُوْنَهَا اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ

কণ্ঠ নালির ব্যথার তদবীর

যদি কাহারও কণ্ঠনালি ব্যথা করে, তবে নিম্নোক্ত দোয়াটি একটি লম্বা চামড়ার তাগার উপর পাঠ করিয়া একচল্লিশটি গিরা দিবে ও

প্রতিবারে ফুঁক দিবে। ইহার পরে উহা গলায় বাধিয়া দিবে। আল্লাহর রহমতে ব্যথা দূর হইয়া যাইবে। দোয়াটি এইঃ-

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ - اَعُوْذُ بِعِزَّةِ اللّٰهِ وَقُدْرَةِ اللّٰهِ وَعَظَمَةِ اللّٰهِ وَبُرْهَانِ اللّٰهِ وَسُلْطَانِ اللّٰهِ وَكَشْفِ اللّٰهِ وَحُجَّةِ اللّٰهِ وَحِرْزِ اللّٰهِ وَصُنْعِ اللّٰهِ وَاَمَانِ اللّٰهِ وَكِبْرِيَاءِ اللّٰهِ وَبَطْشِ اللّٰهِ وَبَهَاءِ اللّٰهِ وَجَلَالِ اللّٰهِ وَكَمَالِ اللّٰهِ- لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ مِنْ شَرِّ مَا فِىْ هٰذَا الْعَلِيْلِ-

উচ্চারণঃ বিছমিল্লাহির রহমানির রাহীম, আউযু বিইজ্জাতিল্লাহি, ওয়া কুদরাতিল্লাহি, ওয়া আযমতিল্লাহি,ওয়া বুরহানিল্লাহি, ওয়া ছুলত্বানিল্লাহি, ওয়া কামাফিল্লাহি, ওয়া হুজ্জাতিল্লাহি, ওয়া হিরযিল্লাহি, ওয়া ছানায়িল্লাহি, ওয়া আমানিল্লাহি, ওয়া কিবরিয়াইল্লাহি, ওয়া বাত্বশিল্লাহি, ওয়া বিহাইল্লাহি, ওয়া জালালিল্লাহি, ওয়া কামালিল্লহি, লা ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাছূলুল্লাহি, মিন শাররি মা ফী হাজাল আলীলে।

হাতের ব্যথার তদবীর

যদি কোন লোকের হাতে ব্যথা হয়, তবে নিম্নোক্ত আয়াত পাঠ করিয়া ফুঁক দিবে। আল্লাহর রহমতে ব্যথা দূর হইয়া যাইবে। আয়াতটি এইঃ-

بَلْ يَدَاهُ مَبْسُوْطَتٰنِ يُنْفِقُ كَيْفَ يَشَآءُ وَلَا يَزِيْدَنَّ كَثِيْرًا مِّنْهُمْ مَّا اُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ طُغْيَانًا وَّكُفْرًا- فَلَا تَاْسَ عَلَى الْقَوْمِ الْكَافِرِيْنَ-

উচ্চারণঃ বাল ইয়াদাহু মাবছুত্বাতানি ইউনফিকু কাইফা ইয়াশাউ ওয়ালা ইয়াযীদান্না কাছীরাম মিনহুম মা উনযিলা ইলাইকা মির রাব্বিকা তুগইয়ানাওঁ ওয়া কুফরান। ফালা তা'ছা আলাল ক্বাওমিল কাফিরীন।

হাতের ব্যথা ঝারিবার তদবীর

যদি কাহারও হাতে ব্যথা হয়, তবে হাতের উপর হাত রাখিয়া নিম্নের আয়াত তিনবার পাঠ করিয়া তিনটি ফুঁক দিবে। আল্লাহর রহমতে ব্যথা কমিয়া যাইবে। আয়াত এইঃ

إِنَّ الَّذِيْنَ يُبَايِعُوْنَكَ إِنَّمَا يُبَايِعُوْنَ اللّٰهَ يَدُ اللّٰهِ فَوْقَ أَيْدِيْهِمْ

উচ্চারণঃ ইন্নাল্লাজীনা ইউবাএউনাকা ইন্নামা ইউবাএউনাল্লাহা ইয়াদুল্লাহি ফাওক্বা আইদীহিম।

বুক ব্যথার তদবীর

কাহারো বুক ব্যথা হইলে, নিম্নোক্ত দোয়া তিনবার পাঠ করিয়া ফুঁক দিয়া ঝারিবে। আল্লাহর রহমতে বুকের ব্যথা দূর হইয়া যাইবে। দোয়া এইঃ-

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ- بِسْمِ اللّٰهِ الشَّافِىْ- بِسْمِ اللّٰهِ الْكَافِىْ - بِسْمِ اللّٰهِ الْمُعَافِىْ- بِسْمِ اللّٰهِ الْوَافِىْ- بِسْمِ اللّٰهِ خَيْرَ الْاَسْمَاءِ- بِسْمِ اللّٰهِ رَبِّ الْاَرْضِ وَالسَّمَاءِ بِسْمِ اللّٰهِ لَايَضُرُّ مَعَ اسْمِهٖ شَيْئٌ فِى الْاَرْضِ وَلَا فِى السَّمَاءِ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ -

উচ্চারণঃ বিছমিল্লাহির রাহমানির রাহীম, বিছমিল্লাহিশ্ শাফী, বিছমিল্লাহিল কাফী, বিছমিল্লাহিল মায়াফী, বিছমিল্লাহিল ওয়াফী, বিছমিল্লাহি খাইরাল আছমাএ, বিছমিল্লাহি রাব্বিল আরদ্বে ওয়াচ্ছামাএ, বিছমিল্লাহি লা ইদুররু মায়া ইছমিহী শাইউন ফিল আরদ্বি ওয়ালা ফীচ্ছামাএ ওয়া হুয়াছ্ ছামীউল আলীম।

মেয়ে লোকের বুকে ব্যথার তদবীর

কোন মেয়ে লোকের বুকে ব্যথা হইলে নিম্নোক্ত আয়াতটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া মহিলার গলায় বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে ব্যথা দূর হইয়া যাইবে। আয়াত এইঃ-

وَاِنَّ لَكُمْ فِى الْاَنْعَامِ لَعِبْرَةً نُسْقِيْكُمْ مِمَّا فِىْ بُطُوْنِهَا مِنْ بَيْنَ فَرْثٍ وَّدَمٍ لَبَنًا خَالِصًا سَآئِغًا لِّلشَّارِبِيْنَ -

কলিজা বেদনা তদবীর

যদি কাহারও কলিজা বেদনা করে, তবে নিম্নোক্ত নকশাটি দুই টুকরা কাগজে লিখিয়া একটি দ্বারা কবজ বানাইয়া তাহার গলায় বাঁধিয়া দিবে

এবং অন্যটি পানি দ্বারা ধুইয়া পান করাইবে। আল্লাহর রহমতে বেদনা কমিয়া যাইবে। নকশাটি এইঃ–

٧٨٦

العلى العظيم	الا بالله	ولاقوة	لاحول
ولا حول	ولا قوة	الا بالله	العلى العظيم
الا بالله	العلى العظيم	ولاحول	ولاقوة
ولاقوة	لاحول	العلى العظيم	الابالله

কলিজা বেদনা ও হৃদকম্পের তদবীর

হৃদকম্প ও কলিজা বেদনার জন্য নিম্নোক্ত নকশাটি সাত দিন পর্যন্ত লিখিয়া তদবীর করিবে। প্রথম দিন সূর্য উঠিবার পূর্বে দুইটি লিখিয়া একটি কবজ বানাইয়া রোগীর গলায় বাঁধিয়া দিবে এবং অপরটি পানিতে ধুইয়া পান করাইবে। ইহার পরে সূর্য উঠিবার পূর্বে প্রত্যহ একটি করিয়া লিখিয়া পানি দ্বারা ধুইয়া রোগীকে পান করাইবে। আল্লাহর রহমতে হৃদকম্প ও কলিজার বেদনা দূর হইয়া যাইবে। নকশাটি এইঃ–

٧٨٦

٢٢٣١	٢٢٣٥	٢٢٣٨	٢٢٢٤
٢٢٣٧	٢٢٢٥	٢٢٣٠	٢٢٣٦
٢٢٢٦	٢٢٤٠	٢٢٢٣	٢٢٢٩
٢٢٣٤	٢٢٣٨	٢٢٢٧	٢٢٣٩

হৃদকম্প ও কলিজা বেদনার তাবিজ

হৃদকম্প ও কলিজা বেদনার জন্য নিম্নোক্ত নকশা দুইটি লিখিয়া কবজ বানাইয়া রোগীর কলিজার উপর বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে রোগ আরগ্য হইবে। নকশা দুইটি এইঃ–

٧٨٦

٨٩٢٥	٨٩٢٠	٨٩٢٧
٢٦٩٨	٨٩٢٤	٣٢٩٨
٨٩٢١	٨٦٩٨	٨٨٣٣

٧٨٦

١٥٣	١٥٧	١٦٠	١٤٦
١٥٩	١٤٧	١٥٢	١٥٨
١٤٨	١٦٣	١٥٥	١٥١
١٥٦	١٥٠	١٤٩	١٦١

মহিলার বুক ও স্তনে ব্যথার তদবীর

কোন মহিলার বুকে ব্যথা হইলে নিম্নোক্ত আয়াত লিখিয়া কবজ বানাইয়া মহিলার গলায়া বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে ব্যথা দূর হইয়া যাইবে। আয়াত এইঃ-

وَاِنَّ لَكُمْ فِى الْاَنْعَامِ لَعِبْرَةً نُسْقِيْكُمْ مِمَّا فِىْ بُطُوْنِهَا
مِنْ بَيْنِ فَرْثٍ وَّدَمٍ -

পেট বেদনার তদবীর

কাহারও পেটে ব্যথা হইলে নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া পেটের উপর বাঁধিয়া দিলে, আল্লাহর রহমতে পেটের ব্যথা দূর হইয়া যাইবে। নকশা এইঃ-

٧٨٦

١٥٥٥	١٥٥٠	١٥٥٧
١٥٥٦	١٥٥٤	١٥٥٢
١٥٥١	١٥٥٨	١٥٥٣

পেট হইতে রক্ত বাহির হইলে উহার তদবীর

কাহারও পেট হইতে রক্ত বাহির হইলে কিংবা পেটে ব্যথা হইলে নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া পেটের উপর বাঁধিয়া দিবে। আল্লাহর ইচ্ছায় ব্যথা ও রক্ত পড়া বন্ধ হইবে। নকশা এইঃ–

٧٨٦

١٢٠رو	١١٢و	١٢٥ب
٣	٢١٩	٢١ع
١٢٠	٣٠٨	٩١٣ ٧٥٨

পিঠ ব্যথার তদবীর

কাহারও পিঠে ব্যথা হইলে নিম্নোক্ত আয়াত লিখিয়া কবজ বানাইয়া পিঠের উপর বাঁধিয়া দিলে আল্লাহর রহমতে ব্যথা ভাল হইয়া যাইবে। আয়াত এইঃ–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ - يَخْرُجُ مِنْ بَيْنِ الصُّلْبِ
وَالتَّرَائِبِ- اِنَّهٗ عَلٰى رَجْعِهٖ لَقَادِرٌ- يَوْمَ تُبْلَى السَّرَائِرُ فَمَالَهٗ
مِنْ قُوَّةٍ وَّ وَلَانَاصِرٍ- وَالسَّمَآءِ ذَاتِ الرَّجْعِ وَالْاَرْضِ ذَاتِ الصَّدْعِ
اِنَّهٗ لَقَوْلٌ فَصْلٌ وَّمَا هُوَ بِالْهَزْلِ- اِنَّهُمْ يَكِيْدُوْنَ كَيْدًا وَّاَكِيْدُ
كَيْدًا- فَمَهِّلِ الْكٰفِرِيْنَ اَمْهِلْهُمْ رُوَيْدًا- بِرَحْمَتِكَ يَا اَرْحَمَ
الرَّحِمِيْنَ *

কোমর বেদনার তদবীর

কাহারও কোমর বেদনা করিলে নিম্নের নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া কোমরে বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে বেদনা দূর হইয়া যাইবে। নকশা এইঃ–

٧٨٦

٨	٦	٤	٢
٢	٤	١	٥
٦	٨	٢	٤
٤	٢	٨	٦

কোমর ব্যথা দূর করার তদবীর

কোমর ব্যথার জন্য নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া কোমরে বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে কোমরের ব্যথা আরগ্য হইবে। নকশাটি এইঃ-

٧٨٦

و	٩٧	ب م
ج	٥٥	٧و
ح	١١	٦٩

কোমর বেদনার তাবীজ

কাহারও কোমরে বেদনা হইলে নিম্নোক্ত তাবিজটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া কাইতন দিয়া কোমরে বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে কোমর বেদনা ভাল হইবে। তাবিজ এইঃ-

يا غفور - يا غفور - ياغفور - ياغفور

মস্তিষ্কের দুর্বলতার তদবীর

কাহারও মস্তিস্কে দুর্বলতা দেখা দিলে নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া মাথার টুপীর সহিত বাঁধিয়া রাখিবে। আল্লাহর রহমতে মস্তিষ্কের

দুর্বলতা দূর হইয়া যাইবে। নকশাটি এইঃ–

٧٨٦

٣٤٥٦٧٦	٣٤٥٦٧٥	٣٤٥٦٨
٣٤٥٦٨١	٣٤٥٦٧٧	٣٤٥٦٧٣
٣٤٥٦٧٤	٣٤٥٦٧٩	٣٤٥٦٧٨

মস্তিষ্কের দুর্বলতার আমল

কাহারও মস্তিস্কে দুর্বলতা দেখা দিলে পাচঁওয়াক্ত নামাজের পরে মাথার উপর হাত রাখিয়া এগার বার 'ইয়া কাবিয়্যু' يا قوى পাঠ করিবে। আল্লাহর রহমতে রোগ আরগ্য হইবে।

কপাল ব্যথার তদবীর

কাহারও কপালে ব্যথা হইলে নিম্নোক্ত আয়াত আঙ্গুল দিয়া তাহার কপালে লিখিবে। আল্লাহর রহমতে ব্যথা দূর হইয়া যাইবে। আয়াত এইঃ–

إِنَّ اللّٰهَ وَمَلٰٓئِكَتَهٗ يُصَلُّوْنَ عَلَى النَّبِيِّ- يٰاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا صَلُّوْا عَلَيْهِ وَسَلِّمُوْا تَسْلِيْمًا-

গলা ব্যথার তদবীর

কাহারও গলায় ব্যথা হইলে, নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া গলায় বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে ব্যথা দূর হইয়া যাইবে। নকশাটি এইঃ–

محطوط ۸۸	محطوط ۸۸
محطوط ۸۸	محطوط ۸۸

পেটের অসুখ ও ব্যথার তদবীর

কাহারও পেটে অসুখ হইলে কিংবা ব্যথা করিলে নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া পেটের উপর বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে অসুখ ও ব্যথা আরগ্য হইবে। নকশাটি এইঃ–

ولا ادع ٥٥ولا ١ه ه ارد والا ها ابنياه ته
ساعه الوع لامرع ه ه ه مه ماد ما
١١ط ١١١ ١١١٨ح١١٨ ١١ لمسه ه ه ما
اصالح ذى ا ه ه ه ٦١ لا الا ام ه ه ه ح ح ح

অতিরিক্ত কফ আসিলে উহার তদবীর

কাহারও গলা হইতে অতিরিক্ত কফ আসিলে, নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া তাহার গলায় বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে কফ আসা বন্ধ হইবে। নকশা এইঃ-

ياحفيظ ٧٨٦ ياحفيظ

ق	١	ب	ض
ض	ب	١	ق
١	ق	ض	ب
ب	ض	ق	١
٧٥	٢	٦	٢٢٦
٣٥٢	٣	٣.١	١٥.
٣٧٦	ياقابض	اقبض	٣٢٧

ক্ষুধা বৃদ্ধির তদবীর

কাহারও ক্ষুধা কমিয়া গেলে খাওয়ার ইচ্ছা না হইলে, নিম্নোক্ত আয়াত পাঠ করিয়া পেটে ফুঁক দিবে। আল্লাহর রহমতে ক্ষুধা বৃদ্ধি পাইবে। আয়াত এইঃ-

وَلَكُمْ فِيهَا مَا تَشْتَهِى الْاَنْفُسُ وَتَلَذُّ الْاَعْيُنُ

উচ্চারণঃ ওয়ালাকুম ফীহা মা তাশাতাহিল আনফুছু ওয়াতালাজ্জুল আ'ইউনু।

হজম শক্তি বৃদ্ধির তদবীর

কাহারও হজম শক্তি কমিয়া গেলে, প্রত্যহ আহার করিবার পরে পেটের উপর হাত রাখিয়া কয়েকবার 'ইয়া বাছিত্ব' يا باسط পড়িলে, হজম শক্তি বাড়িয়া যাইবে।

নাভী বেদনার তদবীর

কাহারও নাভীতে বেদনা হইলে নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া নাভীর উপর বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে নাভীর বেদনা দূর হইবে। নকশাটি এইঃ–

٧٨٦

٨	١١	١٤	١
١٣	٢	٧	١٢
٣	١٦	٩	٦
١٠	٥	٤	٥

يا عزرائيل - يا جبرائيل - يا ميكائيل - يا اسرافيل

নাভীর নিচে ব্যথা করিলে উহার তদবীর

কাহারও নাভীর নীচে তলপেটে ব্যথা করিলে, নিম্নের আয়াতটি সরিষার তৈলের উপর সত্তরবার পাঠ করিয়া প্রতিবারে ফুক দিবে। ইহার পর উক্ত তৈল পড়া নাভীর নীচে তলপেটে তিনদিন পর্যন্ত সকাল বিকাল মালিশ করিবে। আল্লাহর রহমতে ব্যথা কমিয়া যাইবে। আয়াতটি এইঃ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ - وَنُنَزِّلُ مِنَ الْقُرْاٰنِ مَا هُوَ شِفَاۤءٌ وَّرَحْمَةٌ لِّلْمُؤْمِنِيْنَ

উচ্চারণঃ বিছমিল্লাহির রহমানির রাহীম। ওয়া নুনাযিযলু মিনাল কুরআনে মা হুয়া শিফাউওঁ ওয়া রাহমাতুল্লিল মু'মিনীন।

চোখ উঠিলে তাহার তদবীর

কাহারও চোখ উঠিলে নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া কপালে বাঁধিয়া দিলে, আল্লাহর রহমতে চোখের বেদনা এবং চোখ লাল হওয়া বন্ধ হইয়া যাইবে। নকশাটি এইঃ–

٧٨٦

٨	١٥	١.	١
٩	٢	٧	١٦
٣	١٢	١٣	٦
٨	٥	٤	١١

গলা ফূলার তদবীর

যদি কাহারও গলা ফুলিয়া যায়, তবে নিম্নোক্ত দোয়াটি সোমবার অথবা শুক্রবারে কাগজে লিখিয়া কবজ বানাইয়া গলায় বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে গলা ফুলা দূর হইয়া যাইবে। দোয়াটি এইঃ–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ لِى اللّٰهِ هُوَ يَرْكَعُ فِى اللَّوْحِ–

মাথা ব্যথার মোবারক তদবীর

কাহারও মাথা ব্যথা করিলে নিম্নোক্তার তাবিজটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া মাথায় বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে ব্যথা দূর হইয়া যাইবে। তাবিজটি এইঃ–



স্মরণ শক্তি বৃদ্ধির তদবীর

স্মরন শক্তি বৃদ্ধির জন্য প্রতি ওয়াক্ত নামাজের পরে এগার বার দুরূদ শরীফ পাঠ করিয়া নিম্নের আয়াত এগার বার পাঠ করিবে। অতঃপর পুনঃএগার বার দুরূদ শরীফ পাঠ করিব। আল্লাহর রহমতে স্মরণ শক্তি বৃদ্ধি হইবে। আয়াত এইঃ–

رَبِّ اشْرَحْ لِىْ صَدْرِىْ وَيَسِّرْلِىْ اَمْرِىْ وَحْلُلْ عُقْدَةً مِّنْ لِّسَانِىْ يَفْقَهُوْا قَوْلِىْ- عَلَّمَ الْاِنْسَانَ مَالَمْ يَعْلَمْ- رَبِّ زِدْنِىْ عِلْمًا-

উচ্চারণঃ রাব্বিশ্ রাহ্‌লী ছাদ্‌রী ওয়া ইয়াচ্ছিরলী আমরী ওয়াহ্‌লুল উক্বদাতাম মিল্ লিছানী ইয়াফক্বাহু ক্বাওলী। আ'ল্লামাল ইনছানা মালাম ইয়ালাম। রাব্বি যিদনী এ'লমান । অথবা উক্ত দোয়া চিনা মাটির বরতনে লিখিয়া পানি দিয়া ধুইয়া পান করিলেও স্মরণ শক্তি বৃদ্ধি হইবে।

স্মরণ শক্তি বৃদ্ধির অন্য তদবীর

স্মরণ শক্তি বৃদ্ধির জন্য ফজরের বাদে সকালবেলা নিম্নোক্ত দোয়া দশবার করিয়া পাঠ করিবে। আল্লাহর মেহেরবানীতে স্মরণ শক্তি বাড়িয়া যাইবে। দোয়া এইঃ-

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ- فَفَهَّمْنَا هَا سُلَيْمٰنَ وَكُلًّا اٰتَيْنَا حُكْمًاوَّ عِلْمًا وَّسَخَّرْنَا مَعَ دَاوُدَ الْجِبَالَ يُسَبِّحْنَ وَالطَّيْرَ وَكُنَّا فَا عِلِيْنَ- يَاحَىُّ يَاقَيُّوْمُ- يَارَبِّ مُوْسٰى وَهٰرُوْنَ- يَا رَبِّ اِبْرَاهِيْمَ- يَارَبِّ مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ بِرَحْمَتِكَ يَاأَرْحَمَ الرَّحِمِيْنَ

উচ্চারণঃ বিছমিল্লাহির রাহমানির রাহীম। ফাফাহ্‌হামনাহা ছুলাইমানা ওয়া কুল্লান আতাইনা হুকমাওঁ ওয়া এ'লমান।ওয়া ছাখ্‌খারনা মায়া' দাউদাল জিবালা ইউছাবিবহ্‌না ওয়াত্ত্বাইরা ওয়া কুন্না ফাএ'লীন। ইয়া হাইউ ইয়া কাইউম, ইয়া রাব্বি মূছা অ হারুন, ইয়া রাব্বি ইব্‌রাহীম, ইয়া রাব্বি মুহাম্মাদিন ছাল্লাল্লাহ আলাইহি ওয়া ছাল্লাম। বিরাহমাতিকা ইয়া আরহামার রাহিমীন।

স্মরণ শক্তিবৃদ্ধির অন্য তদবীর

স্মরণ শক্তি বৃদ্ধির জন্য নিম্নোক্ত নিয়মে রুটির উপর লিখিয়া সাতদিনে একটি করিয়া বাসী মুখে খাইবে।

শনিবার দিন লিখিবে। - فتعالى الله الملك الحق

রবিবার দিন লিখিবে- رب زدنى علما

সোমবার দিন লিখিবে- سنقرئك فلاتنسى

পরীক্ষায় পাশের তদবীর

পরীক্ষার হলে প্রশ্ন পত্র হাতে পাওয়া মাত্র উহা দেখার পূর্বে এগার বার দুরূদ এবং এগার বার 'ইয়া আযীযু' পাঠ করিবে, তার পর প্রশ্নপত্র খুলিবে। খাতার উপর আঙ্গুল দিয়া افوض امرى الى الله লিখিবে তারপর উত্তর লিখা আরম্ভ করিবে। আর পরীক্ষার হলে যাইবার পূর্বে নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া টুপীর মধ্যে বাঁধিয়া লইবে। আল্লাহর রহমতে পরীক্ষায় উত্তীর্ন হইবে ও ভাল ফল লাভ করিবে। নকশাটি এইঃ-

بسم الله الرحمن الرحيم		
يا الله يا الله		
محســـــروح		محســـــروح
محســـــروح		محســـــروح
يا الله يا الله		

পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার তদবীর

নিম্নোক্ত আয়াতগুরি কাগজে লিখিয়া টুপীর ভিতরে রাখিয়া পরীক্ষা দিতে যাইবে। আল্লাহর রহমতে পরীক্ষায় ভাল ভাবে উত্তীর্ণ হইবে। আয়াতগুলি এইঃ-

نصر من الله وفتح قريب وبشر المؤمنين- حسبنا الله

ونعم الوكيل نعم المولى ونعم النصير- ومن يتوكل على

الله فهو حسبه -

নিখোজ ব্যক্তির সন্ধান লাভের তদবীর

নিখোজ ব্যক্তির সন্ধান লাভের জন্য নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া চরকায় বাঁধিয়া কুমারী মেয়ের দ্বারা সাতবার ঘুরাইবে। তারপর উহা আকাশের দিকে মুখ করিয়া সোজাভাবে রাখিয়া দিবে। আল্লাহর রহমতে নিখোজ ব্যক্তির সন্ধান পাইবে। নকশাটি এইঃ-

৭৮৬

۱۲دا	وه	٣
دوا	٥ع	١٥ی
پرسیدوے	باصره	راه

নিখোজ ব্যক্তির খবর জানার তদবীর

যদি কোন লোক নিখোজ ব্যক্তিকে সপ্নের মাধ্যমে দেখিতে চায়, তবে সে ব্যক্তি এস্তেখারার নিয়তে অজু করতঃ পবিত্র কাপড় পরিধান করিয়া পাক বিছানায় ডানকাতে কেবলামুখী হইয়া শয়ন করিবে। তাহার পর সাতবার করিয়া সূরায় ফাতেহা, সূরায় ওয়াশশামছি, সূরায় ওয়াদ্দোহা, সূরায় ওয়াল্লাইলে, সূরায় আলামনাশরাহ, সূরায় ওয়াত্বীনে ওসূরায় এখলাছ পাঠ করিবে। তাহার পর নিম্নোক্ত দোয়া পাঠ করিয়া নিদ্রা যাইবে। দোয়ার ভিতরে كذا كذا ও كذا এর স্থানে তাহার উদ্দেশ্যের কথা বলিবে। এইভাবে এক রাত্রে উদ্দেশ্য সফল না হইলে সাত রাত্রি পর্যন্ত ইহা আমল করিবে। দোয়া এইঃ–

اَللّٰهُمَّ اَرِنِىْ فِىْ مَنَامِىْ كَذَا وَكَذَا وَاجْعَلْ مِنْ اَمْرِىْ فَرَجًا وَّمَخْرَجًا وَّاَرِنِىْ فِىْ مَنَامِىْ مَاسْتَدَلَّ بِهٖ اِجَابَةَ دَعْوَاتِىْ–

নিখোজ ব্যক্তিকে হাযির করার তদবীর

কোন নিখোজ ও অনুপস্থিত লোককে হাযির করার বাসনা করিলে ফরজ ও ছুন্নাৎ নামাজের মধ্যবর্তি সময়ে সূরায় ফাতেহা একচল্লিশবার পাঠ করিয়া নিখোজ ব্যক্তিকে উপস্থিত হওয়ার জন্য আল্লাহ পাকের দরবারে প্রার্থনা করিবে। ইনশাআল্লাহ নিখোজ ব্যক্তি হাযির হইবে।

পলায়নের অভ্যাস পরিত্যাগ করার তদবীর

যে সকল ছেলে মেয়ে বাড়ী হইতে পালাইয়া যায় অথবা যে সমস্ত চাকর চাকরানী মালিকের বাড়ী হইতে পালাইয়া যায়, তাহাদের পালানের অভ্যাস দূর করার জন্য নিম্নোক্ত আয়াত ও সুরায় হাশরের“লাও আনযালনা হাযাল কোরআন হইতে শেষ পর্যন্ত পাঠ করিয়া গরম দুধের উপর ফুঁক দিয়া তাহাদেরকে পান করাইবে। আল্লাহর রহমতে পালাইবে না। আয়াত এইঃ–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ- اَيْنَمَا تَكُوْنُوْا يَاْتِ بِكُمُ اللّٰهُ جَمِيْعًا اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْئٍ قَدِيْرٌ-

পলাতক ব্যক্তির জন্য অন্য তদবীর

যদি কোন চাকর বা সন্তান হারাইয়া যায় বা পালাইয়া যায়, তবে ফজরের নামাজের পরে জায়নামাজে বসিয়া একচল্লিশবার “বিছমিল্লাহির রাহমানির রাহীম” পাঠ করিয়া আল্লাহর নিকট মোনাজাত করিবে। আল্লাহর রহমতে পলাতক বা হারানো লোক ফিরিয়া আসিবে।

হারানো ব্যক্তিকে ফিরাইয়া আনার তদবীর

কোন লোক বা শিশু হারাইয়া গেলে, তবে নিম্নোক্ত নকশাটি মধ্যমা অঙ্গুলী দ্বারা মাটিতে লিখিবে এবং ছিটা মারিবে। অতিশীঘ্র সে ফিরিয়া আসিবে। নকশাটি এইঃ–

٧٨٦

٦٢	٦٩	٢	٧
٦	٣	٦٦	٦٥
٦٨	٦٣	٨	١
٤	٥	٦٤	٦٧

পলাতক বা হারানো ব্যক্তির জন্য তদবীর

নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া কোন গাছের ডালে এমনিভাবে বাঁধিয়া রাখিবে যেন, উহা বাতাসে নড়াচড়া করিতে পারে। আল্লাহর

রহমতে পালানো বা নিখোজ ব্যক্তি ফিরিয়া আসিবে। নকশাটি এইঃ-

৭৮৬

الرحيم	الرحمن	الله	بسم
بسم	الله	الرحمن	الرحيم
الرحمن	الرحيم	بسم	الله
الله	بسم	الرحيم	الرحمن

পলাতক বা হারানো ব্যক্তির জন্য অন্য তদবীর

নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া পাক কালামে মজিদের মধ্যে রাখিয়া দিবে। নকশার ভিতরে ফালান এর স্থানে ঐ ব্যক্তির নাম লিখিবে। আল্লাহর রহমতে পলাতক বা হারানো লোক জীবিত থাকিলে ফিরিয়া আসিবে। নকশাটি এইঃ-

ارجعى		مرضيه
باسم فلان		مرضيه
	الى ربك	

পলাতক বা হারানো ব্যক্তির অন্য তদবীর

নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া ভারী পাথরের নীচে অন্ধাকার ঘরে চাপা দিয়া রাখিবে। আল্লাহর রহমতে ঐলোক ফিরিয়া আসিবে। নকশাটি এইঃ-

حم عسق كذالك يوحى اليك
الله لا اله الا هو الحيى
القيوم = شهد الله انه لا اله الا هو = تبارك الذى
بيده الملك -

পলাতক ব্যক্তির জন্য অন্য তদবীর

নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া আগুনের মধ্যে নিক্ষেপ করিবে। আল্লাহর রহমতে পলাতক ব্যক্তি জীবিত থাকিলে ফিরিয়া আসিবে। নকশাটি এইঃ–



পলাতক ব্যক্তির অন্য তদবীর

পলাতক ব্যক্তিকে হাযির করার জন্য নিম্নের নকশাটি কাগজে লিখিয়া গাছের ডালে বাঁধিয়া দিবে, যেন উহা বাতাসে নড়াচড়া করিতে পারে। আল্লাহর রহমতে পলাতক ব্যক্তি জীবিত থাকিলে ফিরিয়া আসিবে। নকশা এইঃ–



হারানো ব্যক্তি বা নিখোজ ব্যক্তির সন্ধান লাভের তদবীর

কোন লোকের সন্তান বা অন্য কোন লোক হারানো গেলে বা নিখোঁজ হইলে পর যদি তাহার খোঁজ খবর বা কোথায় আছে কিংবা জীবিত আছে কিনা জানিতে বা বুঝিতে ইচ্ছা হয়, তবে এশার নামাজ আদায়ের পরে একই বৈঠকে কোন লোকের সহিত কথাবার্তা না বলিয়া একাগ্র মনে এক হাজার একশতবার "বিছমিল্লাহির রাহমানির রাহীম" পাঠ করিয়া উদ্দেশ্যে সম্বর্কে আল্লাহর নিকট মোনজাত করিয়া নিদ্রা যাইবে। আল্লাহর রহমতে খাবের মাধ্যমে তাহার অবস্থা জানিতে পারিবে। যদি প্রথম রাত্রে কিছু না দেখে তবে দ্বিতীয় রাত্রে উক্ত রূপে বিছমিল্লাহ পাঠ করিয়া শুইয়া থাকিবে। হারানো ব্যক্তির অবস্থা না জানা পর্যন্ত পর পর সাতদিন যাবত এই আমল করিবে।

হারানো লোক বা নিখোজ লোককে ফিরাইয়া পাওয়ার তদবীর

পলাতক বা নিখোঁজ লোককে ফিরাইয়া আনিবার উদ্দেশ্যে "ইয়া হাফীযু" একশত উনিশবার পাঠ করিবে। তার পর নিম্নের আয়াতও একশত উনিশবার পাঠ করিবে। আল্লাহর রহমতে ইহাতে নিখোঁজ বা পলাতক ফিরিয়া আসিবে। আয়াত এইঃ–

اِنْ تَكُ مِثْقَالَ حَبَّةٍ مِنْ خَرْدَلٍ فَتَكُنْ فِىْ صَخْرَةٍ اَوْ فِى السَّمٰوٰتِ اَوْ فِى الْاَرْضِ يَاْتِ بِهَا اللّٰهُ- اِنَّ اللّٰهَ لَطِيْفٌ خَبِيْرٌ-

উচ্চারনঃ– ইনতাকু মিছ্‌ক্বালা হাববাতিন মিন খারদালিন ফাতীকুন্‌ ফী ছাখ্‌রাতিন্‌ আও ফীছ্‌ ছামাওয়াতি আও ফীল আরদ্বি ইয়া'তি বিহাল্লাহু, ইন্নাল্লাহা লাত্বীফুন খাবীর।

নিখোঁজ ব্যক্তির জন্য তদবীর

নিখোঁজ ব্যক্তিকে ফিরাইয়া পাইবার জন্য নিম্নোক্ত দোয়াটি রাত্রে পাক পবিত্রতার সহিত একাগ্র মনে কাহারও সহিত কথাবার্তা না বলিয়া এক হাজার একবার পাঠ করিবে। ইহাতে আল্লাহর রহমতে নিখোঁজ ব্যক্তি ফিরিয়া আসিবে। দোয়াটি এইঃ

يَا جَامِعَ النَّاسِ لِيَوْمٍ لَّارَيْبَ فِيْهِ اُرْدُدْ ضَالَّتِىْ-

উচ্চারণঃ ইয়া জামায়ান নাছা লিইয়াওমিল্ লারাইবা ফীহে, উরদুদ দ্বাল্লাতি।

পলাতক ব্যক্তিকে হাযীর করার তদবীর

পলাতক ব্যক্তিকে হাযীর করার জন্য নতুন মোটা কাপড়ের উপর এক হাজার বার ف ফা' অক্ষরটি লিখিয়া আগুনের মধ্যে পোড়াইয়া ফেলিলে, আল্লাহর রহমতে পলাতক ব্যক্তি হাযীর হইবে।

বিদেশে অবস্থানরত ব্যক্তিকে ফিরাইয়া আনার তদবীর

যদি কোন লোক বিদেশ হইতে দেশে আসিতে না চায়, তবে তাহার জন্য এই নকশাটি কাগজে লিখিয়া উহার উপর খরকুটা নিক্ষেপ করিবে। আল্লাহর রহমতে সে ব্যক্তি দেশে আসিবে। নকশাটি এইঃ

٧٨٦

٧٢	٧٩	٢	٧
٦	٣	٧٦	٧٥
٧٨	٧٣	٨	١
٤	٥	٧٤	٧٧

পলাতক ব্যক্তির সন্ধান লাভের তদবীর

যাহার নিকটস্থ আত্মীয় ব্যক্তি পালাইয়াছে বা নিখোঁজ হইয়াছে, সেই ব্যক্তি নিম্নোক্ত সূরায় ত্বারেক এর নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া সঙ্গে রাখিলে, আল্লাহর রহমতে পলাতক বা নিখোঁজ ব্যক্তি ফিরিয়া আসিবে। নকশাটি এইঃ

٧٨٦

٤٤٤١	٤٤٤٤	٤٤٤٧	٤٤٣٣
٤٤٤٦	٤٤٣١	٤٤٤٠	٤٤٤٩
٤٤٣٥	٤٤٤٩	٤٤٤٢	٤٤٣٩
٤٤٤٣	٤٤٣٨	٤٤٣٦	٤٤٤٨

পলায়নের অভ্যাস দূর হওয়ার তদবীর

যে সমস্ত সন্তান বা চাকর চাকরানীর বা অন্য কোন লোকের পলায়নের অভ্যাস থাকে, তাহার জন্য নিম্নোক্ত নকশাটি রুটির উপর লিখিয়া খাওয়াইবে। আল্লাহর রহমতে তাহার পলায়নের অভ্যাস দূর হইয়া যাইবে। নকশাটি এইঃ

٧٨٦

ق	ى	ب	ر
ب	ر	ق	ى
ب	ر	ى	ق
ق	ى	ر	ب

পলাতক ব্যক্তিকে ফিরিয়া পাওয়ার তদবীর

সূরায় شعراء শুয়ারা প্রত্যহ সাতবার করিয়া একাধারে সাতদিন পর্যন্ত পাঠ করিলে, আল্লাহর রহমতে পলাতক ব্যক্তি ফিরিয়া আসিবে।

পলাতক ব্যক্তিকে ফিরাইয়া পাওয়ার জন্য তদবীর

যদি কোন লোক পালাইয়া বা ভাগিয়া যায়, তবে তাহাকে পাইবার জন্য নিম্নোক্ত তাবিজটি দুইটি কাগজে লিখিয়া একটি ঘরের দরজায় লটকাইয়া রাখিবে এবং অন্যটি বিছানার কাছে ভারী পাথর দ্বারা চাপা দিয়া রাখিবে। আল্লাহর রহমতে সে ফিরিয়া আসিবে। তাবিজটি এইঃ

اللهم بارد الضالة وياهادى المضلة اردداعلى ضاتى بحق

والضحى والليل اذا سجى، ما ودعك ربك وما قلى وللاخرة خير

لك من الاولى ولسوف يعطيك ربك فترضى الم يجدك يتيما

فاوى- ووجدك ضالا فهدى- ووجدك عائلا فاغنى فاما اليتيم

فلا تقهر- واما السائل فلاتنهر- واما بنعمة ربك فحدث

পঞ্চম অধ্যায়

মামলা—মকদ্দমা, জেলজুলুম ও কয়েদখালাসীর তদবীর

মামলায় খালাস পাওয়ার তদবীর

কোন লোক যদি মামলায় অন্যায়ভাবে আসামী হইয়া থাকে, তবে নিম্নের দোয়াটি কাগজে লিখিয়া টুপীর ভিতরে সম্মুখ ভাগে রাখিয়া হাকিমের সম্মুখে যাইবে। আল্লাহর রহমতে মামলা হইতে খালাস পাইবে। দোয়াটি এইঃ

بسم الله الرحمن الرحيم- والله المستعان على ما تصفون- نصر من الله وفتح قريب- نعم المولى ونعم النصير- حسبن الله نعم الوكيل - نعم المولى و نعم النصير - النصير- ومن يتوكل على الله فهو حسبه-

নির্দোষ ব্যক্তি মামলায় খালাস পাওয়ার তদবীর

মিথ্যা সাক্ষীর কারণে অথবা বিচারকের ভুল বুঝার দরুন নির্দোষী ব্যক্তি দোষী হইবার ভয় থাকিলে, নিম্নের দোয়াটি সাতবার পাঠ করিয়া কোর্টে যাইবে। আল্লাহর রহমতে খালাস পাইবে। দোয়াটি এইঃ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ- سُبْحَانَ اللّٰهِ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ- وَرَبُّكَ يَعْلَمُ مَاتُكِنُّ صُدُوْرُهُمْ وَمَا يُعْلِنُوْنَ- وَهُوَ اللّٰهُ لَا اِلٰهَ اِلَّا هُوَ لَهُ الْحَمْدُ فِى الْاُوْلٰى وَالْاٰخِرَةِ وَلَهُ الْحُكْمُ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ-

উচ্চারণঃ বিছমিল্লাহির রহমানির রাহীম। ছুবহানাল্লাহে ওয়া তাআলা আম্মা ইয়ুশরিকূন। ওয়া রাববুকা ইয়া'লামু মা তুকিন্নু ছুদুরুহুম ওয়ামা ইয়ুলিনূন। ওয়াহুয়াল্লাহু লা ইলাহা ইল্লা হুয়া, লাহুল হামদু ফিল উলা ওয়াল আখেরাহ; ওয়া লাহুল হুকমু ওয়া ইলাইহে তুরজাউন। তারপর নিম্নোক্ত আয়াত তিনবার পাঠ করিবে। 'ওয়াল্লাহু গালেবুন আল আমরিহী।

وَاللّٰهُ غَالِبٌ عَلٰى اَمْرِهٖ-

মোকদ্দমা হইতে খালাস পাওয়ার তদবীর

অন্যায় ভাবে মামলায় জড়াইয়া পড়িলে, নিম্নোক্ত দোয়া কাগজে

লিখিয়া কবজ বানাইয়া সঙ্গে ব্যবহার করিলে, আল্লাহর রহমতে মামলায় খালাস পাইবে। দোয়া এইঃ

لاحول ولاقوة الا بالله العلى العظيم بسم الله الملك الحق المبين من العبد الذليل الى الرب الجليل- رب انى مسنى الضر وانت ارحم الرحمين-

মকদ্দমা ও কয়েদ খালাসীর তদবীর

এক টুকরা কাগজে নিম্নোক্ত দোয়াটি লিখিয়া জিহবার নীচে মুখের ভিতরে রাখিয়া হাকিমের এজলাসে হাযির হইলে, হাকীম ও শত্রুর জবান বন্দী হইবে। বিরুদ্ধে কিছুই বলিবেনা। মোকদ্দমায় খালাস পাইবে। দোয়াটি এইঃ اَللّٰهُمَّ سَدِّدْ سَدِّدْ

মকদ্দমায় খালাস পাইবার তদবীর

নিম্নোক্ত আয়াতগুলি কাগজে লিখিয়া কবজ বানাইয়া ডান হাতে বাঁধিয়া বিচারকের সম্মুখে এজলাসে উপস্থিত হইলে, আল্লাহর রহমতে মকদ্দমায় খালাস পাইবে। আয়াতগুলি এইঃ

بسم الله الرحمن الرحيم- انا لله وانا اليه راجعون - حسبنا الله ونعم الوكيل- وافوض امرى الى الله- ان الله بصير بالعباد- ماشاء الله ولا حول ولا قوة الا بالله العلى العظيم- لا اله الا انت سبحانك انى كنت من الظالمين- يا الله يا الله ياكريم-

কয়েদ হইতে মুক্তি পাওয়ার তদবীর

নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া সঙ্গে রাখিলে অতিসত্তর কয়েদ হইতে মুক্তি পাইবে। মুক্তি পাওয়ার সাথে সাথে কবজটি খুলিয়া নদীতে নিক্ষেপ করিবে। নকশাটি এইঃ

٧٨٦

٥	٣	٧
ع	عه	٢
مرع	و	و

নির্দোষ ব্যক্তি কয়েদ হইতে মুক্তির তদবীর

নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া সঙ্গে রাখিলে, আল্লাহর রহমতে নির্দোষ ব্যক্তি কয়েদ হইতে মুক্তি পাইবে। নকশাটি এইঃ-

٧٨٦

٥	١٠	١٥	٤
١٦	٣	٦	٩
٢	١٣	١٢	٧
١٦	١٨	١	١٥

জেলাখানা হইতে মুক্তির তদবীর

জেলখানা হইতে মুক্তি পাইবার ইচ্ছা করিলে, সূরায় ফাতেহা নিম্ন নিয়মে একশত এগারবার পাঠ করিবে। প্রতি শবার সূরায় ফাতেহা পাঠ করিয়া হাতের কড়া ও পায়ের বেড়ীর উপর ফূঁক দিবে। ইহাতে আল্লাহর রহমতে কারাগার হইতে মুক্তি পাইবে।

কারাগার হইতে খালাস পাইবার তদবীর

যে লোক বিনাদোষে কারাগারে গিয়াছে সে লোক কারাগার হইতে মুক্তির জন্য নিম্নোক্ত আয়াতগুলি সর্বদা পড়িতে থাকিবে এবং উহা কাগজে লিখিয়া কবজ বানাইয়া ডান হাতে বাঁধিবে। আয়াত গুলি এইঃ

فَلَمَّا دَخَلُوْا عَلٰى يُوْسُفَ اٰوٰى اِلَيْهِ وَقَالَ ادْخُلُوْا مِصْرًا- اِنْ شَاءَ اللّٰهُ
اٰمِنِيْنَ وَرَفَعَ اَبَوَيْهِ عَلَى الْعَرْشِ وَخَرُّوْا لَهٗ سُجَّدًا- وَقَالَ يَا اَبَتِ هٰذَا تَاْوِيْلُ
رُءْيَايَ مِنْ قَبْلُ- قَدْ جَعَلَهَا رَبِّيْ حَقًّا- وَقَدْ اَحْسَنَ بِيْ اِذْ اَخْرَجَنِيْ مِنَ
السِّجْنِ وَجَاءَ بِكُمْ مِنَ الْبَدْوِ مِنْ بَعْدِ اَنْ نَزَغَ الشَّيْطٰنُ بَيْنِيْ وَبَيْنَ اِخْوَتِيْ
اِنَّ رَبِّيْ لَطِيْفٌ لِّمَا يَشَاءُ- اِنَّهٗ هُوَ الْعَلِيْمُ الْحَكِيْمُ-

উচ্চারণঃ ফালাম্মা দাখালূ আলা ইউছুফা আওয়া ইলাইহি আবওয়াইহি, ওয়া ক্বালাদখুলু মিছরা ইনশা আল্লাহু আমেনীন। ওয়া রাফাআ আবাওয়াইহে আলাল আরশে ওয়া খাররু লাহু ছুজ্জাদা। ওয়াক্বালা

২ঃ আবাতি হাজা তা'বিলু রু'ইয়াইয়া মিন ক্বাবলু ক্বাদ জাআলা রাব্বী হাক্কা। ওয়াক্বদ আহছানা বী ইজ্ আখ্‌রাজানী মিনাছছিজনে ওয়াজায়া বিকুম মিনাল বাদবে মিম্ বাঁদে আন্নাজাগাশ্ শাইত্বানু বাইনা ওয়া বাইনা ইখওয়াতী। ইন্না রাব্বী লাতীফুল লিমা ইয়াশাউ। ইন্নাহু হুয়াল আলীমুল হাকীম।

বন্দী মুক্তির তদবীর

কোন লোক নির্দোষ অবস্থায় অন্যায়ভাবে জেলে বন্দী হইলে, নিম্নের দোয়া প্রত্যহ এক হাজার বার পড়িবে, আল্লাহর রহমতে মুক্তি পাইবে। দোয়াটি এইঃ

يَاغَيَّاثَ الْمُسْتَغِيْثِيْنَ اَغِثْنِىْ وَيَا نَاصِرَ الْمَظْلُوْمِيْنَ اُنْصُرْنِىْ بِفَضْلِكَ

উচ্চারণঃ ইয়া গিয়াছাল মুছতাগীছীনা আগেছনী, ওয়াইয়া নাছেরাল মাজলুমীনা উনছুরনী বিফাদ্বলিকা।

কয়েদ খালাসীর তদবীর

কয়েদ খালাসীর জন্য পাক পবিত্রতার সহিত নিম্নের নকশাটি লিখিয়া কবজ বানাইয়া কয়েদীর হাতে বাঁধিয়া দিবে। আল্লাহর রহমতে কয়েদমুক্ত হইবে। ফালানের স্থানে কয়েদীর নাম ও পিতার নাম লিখিবে। নকশাটি এইঃ

٧٨٦

يادردئيل	١ / ٩	ياجبرئيل
٤٦	يابدوح فلان بن فلان دها شود	٧٣
ياتنكائيل	٢	ياميكائيل
	٨	

কয়েদ খালাসীর তদবীর

কয়েদ খালাসীর জন্য নিম্নোক্ত নকশা দুইটি জোয়ার-ভাটার নদীতে কাগজে লিখিয়া নিক্ষেপ করিবে। নিক্ষেপ করিবার সময় বলিবে।

يا اصحاب الكهف فلان شخص ازقيد خلاص شد-

উচ্চারণঃ ইয়া আছহাবুল কাহাফ ফলান শখ্ছ আয কয়েদ খালাছ শোদ্। তাবিজ লিখার প্রথম দিনে আছহাবে কাহাফের নামে ফাতেহা দিবে এবং মানত করিবে যে, কয়েদ হইতে মুক্ত হইলে পুনঃ ফাতেহা দিব। এই নিয়মে সাত দিবস পর্যন্ত নকশা লিখিয়া নদীর পানিতে নিক্ষেপ করিবে। নকশার উপরে ফালানের স্থানে কয়েদীর নাম লিখিবে। নকশা দুইটি এইঃ

فلان قيدى اذقيد خلاص شد

٧٨٦

١٦١	١٥٥	١٦٣
١٦٢	١٦٠	١٥٧
١٥٦	١٦٤	١٥٩

٧٨٦

١١٩	١٢٢	١٢٦	١١٢
١٢٥	١١٣	١١٨	١٢٣
١١٤	١٢٨	١٢٠	١١٧
١٢١	١١٦	١١٥	١٢٧

কয়েদ খালাসীর অন্য তদবীর

কোন ব্যক্তি অন্যায়ভাবে কয়েদ হইলে, সে ব্যক্তি চল্লিশদিন পর্যন্ত একাধারে নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া উহা সম্মুখে রাখিয়া দেখিতে থাকিবে আর একচল্লিশবার সূরায় নছর (ইযা যা আ) পাঠ করিবে। নকশাটি এইঃ

৭৮৬

٢٢٨٩	٥١٨	١٦٧٩	١٦٣٨
واستغفره انه كان توابا	افوجا فسبح بحمد ربك	ورايت الناس يدخلون فى دين الله	إذاجاء نصر الله والفتح
١٦٨٠	١٦٣٧	٢٢٩	٥١٧
١٦٣٦	١٦٧٧	٥٣٠	٢٢٩١
٥١٩	٢٢٩٢	١٦٢٥	١٦٧٨

কয়েদ খালাসীর তদবীর

বৃহস্পতিবার দিনগত রাত্রিতে নিম্নোক্ত নকশাটি লিখিয়া কবজ বানাইয়া কয়েদীর সঙ্গে বাঁধিয়া রাখিবে। আর একটি নকশা লিখিয়া উহার দিকে তাকাইয়া নকশার ভিতরের দোয়াটি একহাজার বার পড়িবে ও একশতবার যে কোন দুরূদ শরীফ পড়িবে। আল্লাহর রহমতে কয়েদ মুক্ত হইবে।

নকশার ভিতরের দোয়ার উচ্চারণ ঃ আমানতু বিল্লাহিল আলিয়্যিলআযীম, ওয়া তাওয়াক্‌কা লতু আলাল হাইয়্যিল ক্বাইয়ুম। নকশাটি এইঃ

৭৮৬

٢٣٦	٩٧٢	١١٩٢	٥٥٩
الحى	وتوكذت	العلى	امنت
اقيوم	على	العظيم	بالله
١٩٣	٥٥٨	٢٣٧	٩٧٣
٥٥٧	١١٩٢	٩٧٠	٣٣٨
٩٧١	٢٣٩	٥٥٩	١١٩١

বিচারক সদয় ও বিপদ হইতে রক্ষার তদবীর

যদি কোন লোক সুরায় আলাক علق তিনবার পাঠ করিয়া বিচারকের সম্মুখে উপস্থিত হইলে, সে তাহার উপর সদয় হইবে এবং এই সূরার নকশা লিখিয়া সঙ্গে রাখিলে সকল প্রকার বিপদাপদ হইতে রক্ষা পাইবে।

নকশাটি এইঃ

٧٨٦

٥٦٣٥	٥٦٣٨	٥٦٤١	٥٦٢٧
٥٦٤.	٥٦٣٨	٥٦٣٦	٥٦٤٩
٥٦٢٩	٥٦٤٣	٥٦٢٦	٥٦٢٦
٥٦٣٧	٥٦٢٣	٥٦٣.	٥٦٤٢

হাকিমকে বাধ্য কারার অন্য তদবীর

নিম্নের নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া হাতে বাঁধিয়া হাকিমের সম্মুখে গেলে, হাকিম মেহেরবান হইবে। এবং নকশার নীচে প্রথম ফালান এবনে ফালানের স্থানে হাকিমের নাম ও তাহার পিতার নাম আর শেষের ফালান স্থানে যে তাবিজ বাঁধিবে তাহার নাম লিখিবে। নকশাটি এইঃ–

٧٨٦

ط٩	٧ٚ٧	ه ٥	ح٣	١٩
ه ٥	ح ٣	١٩	ط ٩	٧ٚ٧
١٩	ط ٩	٧ٚ٧	ه ٥	ح ٣
٧ٚ٧	ه٥	ح٣	١٩	ط ٩
ح ٣	١٩	ط ٩	٧ٚ٧	ه ٥

بحق باظهر احب قلب فلان بن فلان الى فلان

হাকিম মেহেরবান হওয়ার তদবীর

নিম্নের নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া হাতে বাঁধিয়া হাকিমের সম্মুখে উপস্থিত হইলে, হাকিম মেহেরবান হইবে। নকশাটি এইঃ-



হাকিম রাজী হওয়ার তদবীর

নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া টুপির ভিতরে বাঁধিয়া হাকিমের নিকট হাজির হইলে, সে রাজী হইয়া সদয় হইবে। নকশাটি এইঃ

١١ ع ١١ ١١ ٦١ ٨٨١ ١١ ١١ ١ ١١ ٢٩

الحب فلان بن فلان على حب فلان بن فلان

বিচারক মেহেরবান হওয়ার তদবীর

নিম্নের নকশাটি কাগজে লিখিয়া সঙ্গে রাখিয়া বিচারকের সম্মুখে উপস্থিত হইলে, সে মেহেরবান হইবে। নকশাটি এইঃ

٧٨٦

٢	٧	٦
٩	٨	١
٤	٣	٨

বিচারক মেহেরবান হওয়ার তদবীর

নিম্নের নকশাটি কাগজে লিখিয়া সঙ্গে রাখিয়া বিচারকের সম্মুখে উপস্থিত হইলে, সে মেহেরবান হইবে। নকশাটি এই

ھ ١١٩ء ١١دو ھ ٩٢ ١١

اهليح اهليح اهليح

চাকুরী চলিয়া গেলে তাহা পাইবার তদবীর

যদি কাহারও চাকুরী চলিয়া যায়, তবে নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া সঙ্গে ব্যবহার করিবে। আল্লাহর রহমতে চাকুরীতে পনর্বহাল হইবে। নকশাটি এইঃ

৭৮৬

٢٣	٢٦	٢٩	١٦
٢٨	١٧	٢٢	٢٧
١٨	٣١	٢٤	٢١
٢٥	٢	١٩	٧.

হাকিমকে বাধ্য করার মোবারক তদবীর

হাকিমকে বাধ্য করার জন্য বৃহস্পতিবার দিনগত রাত্রিতে এশার নামাজ আদায়ের পরে নিম্নোক্ত আয়াতগুলি কাগজে লিখিয়া সঙ্গে রাখিয়া হাকিমের সম্মুখে উপস্থিত হইলে, হাকিম তাহার বাধ্য হইয়া যাইবে। আয়াতগুলি এইঃ

اَلَّذِيْنَ يُنْفِقُوْنَ فِى السَّرَّآءِ وَالضَّرَّاءِ وَالْكَاظِمِيْنَ الْغَيْظَ وَالْعَافِيْنَ عَنِ النَّاسِ وَاللّٰهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ- وَالَّذِيْنَ اِذَا فَعَلُوْا فَاحِشَةً اَوْ ظَلَمُوْا اَنْفُسَهُمْ ذَكَرُوا اللّٰهَ فَاسْتَغْفَرُوْا لِذُنُوْبِهِمْ وَمَنْ يَّغْفِرُ الذُّنُوْبَ اِلاَّ اللّٰهُ- وَلَمْ يُصِرُّوْا عَلٰى مَا فَعَلُوْا وَهُمْ يَعْلَمُوْنَ- اُولٰئِكَ جَزَاؤُهُمْ مَغْفِرَةٌ مِّنْ رَّبِّهِمْ وَجَنّٰتٌ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا وَنِعْمَ اَجْرُالْعٰمِلِيْنَ-

لَا يُحِبُّ اللّٰهُ الْجَهْرَ بِالسُّوْءِ مِنَ الْقَوْلِ اِلاَّ مَنْ ظُلِمَ وَكَانَ اللّٰهُ سَمِيْعًا عَلِيْمًا ط اِنْ تُبْدُوْا خَيْرًا اَوْ تُخْفُوْهُ اَوْ تَعْفُوْا عَنْ سُوْءٍ فَاِنَّ اللّٰهَ كَانَ عَفُوًّا قَدِيْرًا

জালেম হইতে রক্ষা পাইবার তদবীর

যদি কোন লোকের জালেমের অত্যাচারের ভয় থাকে, তবে সে লোক একশত বার ত্বোয়ে ط অক্ষর পাঠ করিয়া অত্যাচারীর বাড়ীর দিকে মুখ করিয়া ফুক দিবে। ইহাতে আল্লাহর রহমতে জালেমের অত্যাচার হইতে রক্ষা পাইবে।

অত্যাচারীকে দমন করার তদবীর

অত্যাচারী শত্রুকে দমন-করার জন্য আখরুটের পাতার মধ্যে 'ক্বাফ' ق অক্ষরটি এক শতবার লিখিয়া অত্যাচারী শত্রুর ঘরে দাফন করিলে শত্রু দমন হইয়া যাইবে।

অত্যাচারী শত্রুর মুখ বন্ধ করার তদবীর

ق 'ক্বাফ' অক্ষরটি বাইশবার কাগজের উপর লিখিয়া উহার নীচে অত্যাচারী শত্রুর নাম লিখিয়া কোন ভারী পাথরের নীচে চাঁপা দিয়া রাখিলে, আল্লাহর রহমতে শত্রুর মুখ বন্ধ হইয়া যাইবে।

শত্রুকে নত রাখার তদবীর

শত্রুকে নত করার জন্য নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া সঙ্গে রাখিলে আল্লাহর রহমতে শত্রু নত হইয়া থাকিবে এবং মানুষের নিকট হইতে সম্মান লাভ করিবে। নকশাটি এইঃ

٧٨٦

٢٣	٢٦	٢٩	١٦
٢٨	١٧	٢٢	٢٧
١.	٣١	٢٤	٢١
٢٥	٢.	١٩	٣.

শত্রুকে দমন করার তদবীর

শত্রুকে দমন করার জন্য নিম্নের নকশাটি কাগজে লিখিয়া নদীতে নিক্ষেপ করিবে। আল্লাহর রহমতে শত্রু দমন হইয়া যাইবে। নকশার নীচে শত্রুর নাম ও তাহার পিতার নাম লিখিবে। নকশাটি এইঃ

٧٨٦

١٨	٢١	٢٤	١١
١٣	١٢	١٧	٢٢
١٣	٢٦	١٩	١٦
٢٠	١٥	١٤	٢٥

فلان بن فلان

শত্রুকে দমন করার অন্য তদবীর

শত্রুকে দমন করার জন্য নিম্নের নকশাটি নিম পাতার উপর লিখিয়া মুখে দিয়া চাবাইয়া শত্রুর চলাচলের রাস্তায় ফেলিয়া দিবে। আল্লাহর রহমতে শত্রু দমন হইয়া যাইবে। নকশাটি এইঃ

٧٨٦

١٠	٥	[illegible]	١٥
٣	١٦	٩	٦
٣٠	٢	٧	١٢
٨	١١	٤	١

ـلان بين فلان

দুই লোকের মধ্যে বিবাদ সৃষ্টির তদবীর

দুই জন লোকের মধ্যে বিবাদ সৃষ্টির জন্য নিম্নোক্ত নকশাটি মঙ্গলবার

অথবা শনিবারে কাগজে লিখিয়া উহা মোড়াইয়া একটি পুরাতন কবরে দাফন করিয়া রাখিবে। নকশাটি এইঃ

٧٨٦

والقينا	بينهم	العداوة	والبغضاء
بينهم	العداوة	والبغضاء	الى
العداوة	والبغضاء	الى	يوم
والبغضاء	الى	يوم	القيمة

فلان بين فلان

শত্রু দমন করার তদবীর

শত্রুকে দমন করার উদ্দেশ্যে নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া শত্রুর ঘরে দাফন করিবে। এবং নীচে শত্রুর নাম ও তাহার পিতার নাম লিখিবে। নকশাটি এইঃ

١١ ١١ ١١ ١١٣ و١٧٤ ١١

على بغض فلان بن فلان

শত্রু দমন করার অন্য তদবীর

শত্রুকে দমন করার নিয়তে নিম্নোক্ত নকশাটি হারিনের চামড়ার উপর লিখিয়া শত্রুর ঘরে রাখিয়া দিবে। ইহাতে শত্রু দমন হইবে। নকশাটি এইঃ

وه مرصى وصى مصوصى محوراتها

سم١ا ط او ١١ ١٣٥٧٥و جمع ١١٩٧١.. ١١ ١١٢

শত্রু দমনের অন্য তদবীর

যদি কাহারও উপর শত্রুর জুলুম অত্যাচার সীমা ছাড়াইয়া যায়, তবে সেই শত্রুকে দমন করার জন্য সূরায় ফোরকান কাগজে লিখিয়া কবজ

বানাইয়া নিজের সঙ্গে রাখিবে। আর এই সূরার নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া শরীরে ব্যবহার করিলে শত্রু ধ্বংশ হইয়া যাইবে। নকশাটি এইঃ

٧٨٦

٥٢٣٩٣	٥٢٣٩٦	٥٢٤٠٠	٥٢٣٨٦
٥٢٣٩٩	٥٢٣٨٧	٥٢٣٩٢	٥٢٣٩٧
٥٢٣٨٨	٥٢٤٠٢	٥٢٣٩٤	٥٢٣٩١
٥٢٣٩٥	٥٢٣٩٠	٥٢٣٨٩	٥٢٤٠١

শত্রুকে ধ্বংশ করার তদবীর

যদি কাহারও উপর শত্রু ক্ষতি করার জন্য সীমা ছাড়াইয়া যায়, তখন সূরায় আম্বিয়ার নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া শরীরের সঙ্গে ব্যবহার করিবে। আল্লাহর রহমতে ইহাতে শত্রু ধ্বংশের মুখে পতিত হইয়া শেষ হইবে। নকশা এইঃ

٧٨٦

٩٥٥٥٦	٩٥٥٥٩	٩٥٥٦٢	٩٥٥٤٨
٩٥٥٦١	٩٥٥٤٩	٩٥٥٥٥	٩٥٥٦٠
٩٥٥٥٠	٩٥٥٦٤	٩٥٥٥٧	٩٥٥٥٤
٩٥٥٥٨	٩٥٥٥٣	٩٥٥٥١	٩٥٥٦٣

শত্রুকে দমন করার অন্য তদবীর

যদি কোন লোক সূরায় যুলযিলাতের নকশা কাগজে লিখিয়া কবজ বানাইয়া সঙ্গে রাখে, তবে তাহার শত্রু ধ্বংশ হইয়া যাইবে। আর উহা পানি দ্বারা ধুইয়া সেই পানি দিয়া তিনবার মুখমন্ডল ধুইয়া ফেলিলে সকল প্রকার রোগ হইতে মুক্তি পাইবে। নকশাটি এইঃ

٧٨٦

٤٩٩١	٤٩٩٤	٤٩٩٧	٤٩٨٤
٤٩٩٦	٤٩٨٥	٤٩٩٠	٤٩٩٥
٤٩٨٦	٤٩٩٩	٤٩٩٢	٤٩٨٩
٤٩٩٣	٤٩٨٨	٤٩٨٧	٤٩٩٨

শত্রুকে দমন করার অন্য তদবীর

যদি কোন লোকে শত্রুর অত্যাচারে অতিষ্ট হইয়া যায়, তবে সে ব্যক্তি নিম্নোক্ত সূরায় মাউনের নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া শরীরে ব্যবহার করিলে, আল্লাহর রহমতে শত্রু দমন হইয়া যাইবে। আর এই সূরা এক চল্লিশবার পাঠ করিলে তাহার সন্তান সন্ততিগণ ক্ষুধার জ্বালা হইতে রক্ষা পাইবে।

নকশাটি এইঃ

٧٨٦

٢٣١٣	٢٣١٦	٢٣١٩	٢٣٠٥
٢٣١٨	٢٣٠٦	٢٣١٢	٢٣١٧
٢٣٠٧	٢٣٢١	٢٣١٤	٢٣١١
٢٣١٥	٢٣١٠	٢٣٠٨	٢٣٢٠

শত্রু ধ্বংসের অন্য তদবীর

যদি কোন লোক নিম্নোক্ত সূরায় কাওছারের একটি নকশা কাগজে লিখিয়া কবজ বানাইয়া সঙ্গে ব্যবহার করে এবং আর একটি নকশা একটি ইটের উপর লিখিয়া কুরায় নিক্ষেপ করে, তবে তাহার শত্রু সমুলে ধ্বংস হইয়া যাইবে।

নকশাটি এইঃ

٧٨٦

٦٩٨	٧٢	٧٥	٦٩١
٧٤	٦٩٢	٦٩٧	٧٣
٦٩٣	٧٧	٧٠	٦٩٦
٧١	٦٩٥	٦٩٤	٧٦

শত্রু হালাক হওয়ার তদবীর

যদি কোন ব্যক্তি সূরায় তাববাত ইয়াদার নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া নিজের সঙ্গে রাখে, তবে শত্রু হালাক হইয়া যাইবে। এবং শত্রু ধ্বংশের নিয়তে প্রত্যহ সাতবার এই সূরা পাঠ করিলে তাহার শত্রু ধ্বংশ হইবে। নকশাটি এইঃ

٧٨٦

٤٢٥٦	١٤٥٩	١٤٦٢	١٤٤٩
١٤٦١	١٤٥٠	١٤٥٥	١٤٦٠
١٤٥١	١٤٦٤	١٤٥٧	١٤٥٤
١٤٥٨	١٤٥٣	١٤٥٢	١٤٦٣

শত্রুর উপর জয়ী ও হাকিমকে বাধ্য করার তদবীর

নিম্নোক্ত সূরায় নছরের নকশাটি মেশক জাফরানের কালি দ্বারা লিখিয়া কবজ বানাইয়া সঙ্গে রাখিলে, শত্রুর উপর জয়ী হইবে এবং হাকিমের সম্মুখে উপস্থিত হইলে হাকিম সদয় হইবে ও ইজ্জত করিবে। নকশা এইঃ

৭৮৬

خلون	يد	الناس	ورايت	الفتح	و	الله	نصر	جاء	اذا
فى دين	خلون	يد	الناس	ورايت	الفتح	و	الله	نصر	جاء
الله	فى دين	خلون	يد	الناس	ورايت	والفتح	و	الله	نصر
افواجا	الله	فى دين	خلون	يد	الناس	ورايت	الفتح	و	الله
فسبح	افواجا	الله	فى دين	خلون	يد	الناس	ورايت	الفتح	و
بحمد	فسبح	افواجا	الله	فى دين	خلون	يد	الناس	ورايت	الفتح
ربك	بحمد	فسبح	افواجا	الله	فى دين	خلون	يد	الناس	ورايت
واستغفره	ربك	بحمد	فسبح	افواجا	الله	فى دين	خلون	يد	الناس
انه كان	واستغفره	ربك	بحمد	فسبح	افواجا	الله	فى دين	خلون	يد
توبا	انه كان	واتغفره	ربك	بحمد	فسبح	افواجا	الله	فى دين	خلون

শত্রুর মুখ বন্ধ করার তদবীর

শত্রুর মুখ বন্ধ করার জন্য নিম্নোক্ত সূরায় শোয়ারার নকশা কাগজে লিখিয়া কবজ বানাইয়া নিজের বাহুতে বাঁধিবে। আর পোনার দিন পর্যন্ত সূরায় শোয়ারা পাঠ করিবে। ইহাতে শত্রুর মুখ বন্ধ হইয়া যাইবে। নকশাটি এইঃ

৭৮৬

١٩٣٤	١٩٣٧	١٩٤٠	١٩٢٧
١٩٣٩	١٩٢٨	١٩٣٣	١٩٣٨
١٩٢٩	١٩٤٢	١٩٣٥	١٩٣١
١٩٣٦	١٩٣١	١٩٣٠	١٩٤١

শত্রুর আক্রমন হইতে রক্ষার তদবীর

যদি কোন লোক নিম্নোক্ত সূরায় মুনাফিকুন এর নকশা কাগজে লিখিয়া কবজ বানাইয়া সঙ্গে রাখে, আর উক্ত সূরা একশত আটবার পাঠ

করিলে, আল্লাহর রমতে শত্রুর আক্রমণ হইতে রক্ষা পাইবে এবং সকল প্রকার বিপদ হইতে নিরাপদে থাকিবে। নকশা এইঃ

٧٨٦

١٣٣١٣	١٣٣١٧	١٣٣٢٠	١٣٣٠٦
١٣٣١٩	١٣٣٠٧	١٣٣١٢	١٣٣١٨
١٣٣٠٨	١٣٣٢٢	١٣٣١٥	١٣٣١١
١٣٣١٦	١٣٣١٠	١٣٣٠٩	١٣٣٢١

শত্রুর জবান বন্ধ করার তদবীর

শত্রুর জবান বন্ধ করার উদ্দেশ্যে সূরায় রুমের নকশা কাগজে লিখিয়া একটি শিশির ভিতর ভরিয়া উহার মুখ মোম দ্বারা ভাল ভাবে বন্ধ করিবে আর সাতবার সূরায় রুম পাঠ করিয়া উহার উপর দম করিবে। তারপর ইহা যে ঘরে রাখিবে সেই ঘরে শত্রু কোন প্রকার ক্ষতি করিতে পারিবেনা। শত্রুর শত্রুতা ও জবান বন্ধ হইয়া যাইবে। নকশাটি এইঃ

٧٨٦

٦٧٤٨٩٤	٦٧٤٨٩٧	٦٧٤٩٠٠	٦٧٤٨٨٦
٦٧٤٨٩٩	٦٧٤٨٨٧	٦٧٤٨٩٣	٦٧٤٨٩٨
٦٧٤٨٨٨	٦٧٤٩٠٢	٦٧٤٨٩٥	٦٧٤٨٩٢
٦٧٤٨٩٦	٦٧٤٨٩١	٦٧٤٨٨٩	٦٧٤٩٠١

শত্রুর শত্রুতা বন্ধের তদবীর

নিম্নোক্ত সূরায় তাহরীমের নকশাটি কাগজে লিখিয়া কবজ বানাইয়া সঙ্গে ব্যবহার করিলে, আল্লার রহমতে শত্রু শত্রুতা করিতে পারিবে না। আর সূরায় তাহরীম একুশবার পাঠ করিলে, শত্রু তাহার বন্ধু হইয়া যাইবে এবং কর্জ থাকিলে উহা শোধ করিবার উপায় হইয়া যাইবে। নকশাটি এইঃ

٧٨٦

٢٤٥٢٢	٢٤٥٦٦	٢٤٥٢٩	٢٤٥١٥
٢٤٥٢٨	٢٤٥١٦	٢٤٥٢١	٢٤٥٢٧
٢٤٥١٧	٢٤٥٣١	٢٤٥٢٤	٢٤٥٢٠
٢٤٥٢٥	٢٤٥١٩	٢٤٥١٨	٢٤٥٣٠

শত্রুর জবান বন্দীর তদবীর

শত্রুর জবান বন্দী করার জন্য নিম্নোক্ত নকশাটি কাগজে লিখিয়া জোয়ার ভাটার নদীতে নিক্ষেপ করিবে। আল্লাহর রহমতে শত্রুর জবান বন্দ হইয়া যাইবে, সে আর শত্রুতা করিবেনা। নকশার নীচে শত্রুর নাম ও তাহার পিতার নাম লিখিবে। নকশাই এইঃ

دولاءاوالاعـــه
٩٩٩١عــه عـه الاواله٩
بـــستم زبـان فــلان بــن فلان

শত্রুর জবান বন্দীর অন্য তদবীর

